



তারিখ : ১২ মার্চ ২০২৪

প্রেস বিজ্ঞপ্তি

বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর এর শোকবার্তা

মুন্সীগঞ্জ জেলাধীন শ্রীনগর উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক, শ্রীনগর উপজেলা পরিষদের সাবেক ভাইস চেয়ারম্যান ও পাটাভোগ ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান মোঃ সেলিম হোসেন খান গতরাত ২ টায় রাজধানীর ইবনে সিনা হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেছেন। ইন্না লিল্লাহে ওয়া ইন্না ইলাইহে রাজিউন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৬২ বছর। মোঃ সেলিম হোসেন খান এর মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর।

আজ এক শোকবার্তায় বিএনপি মহাসচিব বলেন, “মোঃ সেলিম হোসেন খান এর মৃত্যুতে তার পরিবার-পরিজনদের মতো আমিও গভীরভাবে সমব্যথা। সাবেক রাষ্ট্রপতি শহীদ জিয়াউর রহমান বীর উত্তম এর নীতি ও আদর্শ এবং বাংলাদেশী জাতীয়তাবাদী দর্শনে গভীরভাবে বিশ্বাসী ছিলেন মোঃ সেলিম হোসেন খান। বিএনপি চেয়ারপার্সন দেশনেত্রী বেগম খালেদা জিয়ার নেতৃত্বে গণতান্ত্রিক আন্দোলন-সংগ্রামে তিনি সাহসী ভূমিকা পালন করেছেন। জনপ্রতিনিধি হিসেবে এলাকার উন্নয়নে তার অবদানের জন্য তিনি এলাকাস্বাসীর নিকট চিরস্মরণীয় হয়ে থাকবেন। দোয়া করি-মহান রাব্বুল আলামীন যেন তাকে বেহেস্ত নসীব এবং শোকাহত পরিবারবর্গকে ধৈর্য ধারণের ক্ষমতা দান করেন।”

বিএনপি মহাসচিব শোকবার্তায় মরহুমের বিদেহী আত্মার মাগফিরাত কামনা করেন এবং শোকসন্তপ্ত পরিবারের সদস্যবর্গ, আত্মীয়স্বজন, গুণগ্রাহী ও শুভানুধ্যায়ীদের প্রতি গভীর সমবেদনা জানান।

বিএনপি জাতীয় নির্বাহী কমিটির সাংগঠনিক সম্পাদক এ্যাড. আব্দুস সালাম আজাদ এবং

স্বেচ্ছাসেবক বিষয়ক সম্পাদক মীর সরফত আলী সপু'র শোকবার্তা

এছাড়া বিএনপির সাংগঠনিক সম্পাদক (ঢাকা বিভাগ) এ্যাডভোকেট আব্দুস সালাম আজাদ এবং বিএনপি জাতীয় নির্বাহী কমিটির স্বেচ্ছাসেবক বিষয়ক সম্পাদক মীর সরফত আলী সপু পৃথক শোকবার্তায় মুন্সীগঞ্জ জেলাধীন শ্রীনগর উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক, শ্রীনগর উপজেলা পরিষদের সাবেক ভাইস চেয়ারম্যান ও পাটাভোগ ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান মোঃ সেলিম হোসেন খান এর মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন। শোকবার্তায় নেতৃত্ব দিয়ে মোঃ সেলিম হোসেন খানকে বিএনপির একজন বলিষ্ঠ নেতা ও জনপ্রিয় জনপ্রতিনিধি হিসেবে উল্লেখ করে তার রুহের মাগফিরাত কামনা করেন এবং শোকাহত পরিবারের সদস্যবর্গ, গুণগ্রাহী ও শুভাকাঙ্ক্ষীদের প্রতি গভীর সমবেদনা জানান।

বার্তা প্রেরক

(মোঃ তাইফুল ইসলাম টিপু)

সহ-দফতর সম্পাদক

বাংলাদেশ জাতীয়তাবাদী দল-বিএনপি।